গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট- ১ শাখা

বিষয়ঃ বাজেট ব্যবস্থাপনা কমিটির ২০২০-২১ অর্থ বছরের প্রাক্কলন, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের প্রক্ষেপণ এর সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোঃ আসাদুল ইসলাম
সচিব
সভার তারিখ ঃ ১৯-০১-২০২০খ্রি.
সভার সময় ঃ বেলা ৪.০০ টা
সভার স্থান মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিত কর্মকর্তাগনের তালিকা ঃ পরিশিষ্ট-'ক' তে সন্নিবেশ করা হয়েছে।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব ড. মোঃ এনামুল হক, যুগ্মসচিব (বাজেট) অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্র-১ এর আলোকে স্বাস্থ্য সেবা বিভাগের বাজেট অনুবিভাগ থেকে গৃহীত কার্যক্রম সংক্ষেপে উল্লেখপূর্বক বাজেট ওয়ার্কিং গ্রুপের ০২.০১.২০২০খ্রি. তারিখের সভায় গৃহীত সুপারিশসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি মধ্যমেয়াদি বাজেট কাঠামো অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগের ২০২০-২১ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ অনুমোদনের বিষয় উপস্থাপন করেন। এছাড়া ২০২০-২১ অর্থ বছরের সম্ভাব্য ব্যয়সীমার প্রাক্কলন এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের প্রক্ষেপণ অনুমোদনসহ বাজেটের বর্ণনামূলক অংশ বা এমবিএফ সংশোধন ও হালনাগাদকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ব্যয়সীমা নিম্নে উপস্থাপন করা হলোঃ-

(ক) রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রাঃ **(অংকসমূহ কোটি টাকায়)**

মন্ত্রণালয় কোড	বিবরণ	বাজেট ২০১৯-২০	প্রস্তাবিত বাজেট ২০২০-২১	প্রক্ষেপণ ২০২১-২২	প্রক্ষেপণ ২০২২-২৩
১	২	৩	৪	৫	৬
১২৭	স্বাস্থ্য সেবা বিভাগ	৩৬৪.৩০	৪০০.৭৩	৪৪০.৮০	৪৪৮.৮৮

(খ) মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমাঃ **(অংকসমূহ কোটি টাকায়)**

মন্ত্রণালয় কোড	বিবরণ	বাজেট ২০১৯-২০	প্রস্তাবিত বাজেট ২০২০-২১	প্রক্ষেপণ ২০২১-২২	প্রক্ষেপণ ২০২২-২৩
১	২	৩	৪	৫	৬
১২৭	স্বাস্থ্য সেবা বিভাগ	১৯৯৪৪.৩০	২১৭৪২.৯৩	২৩৯১৭.২৩	২৬৩০৮.৯৬

(গ) মন্ত্রণালয়/বিভাগসমূহের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ **(অংকসমূহ কোটি টাকায়)**

মন্ত্রণালয় কোড ১২৭	মন্ত্রণালয়/বিভাগের নাম	প্রকল্প সাহায্য ২০২০-২১
১২৭	স্বাস্থ্য সেবা বিভাগ	২৯৭০.৭৫

৩। **রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা ও প্রক্ষেপণ নির্ধারণঃ** যুগ্মসচিব (বাজেট) সভাকে জানান যে, অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্র-১ অনুসরণ করে এ বিভাগের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার খসড়া বিভাজন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত খসড়া বিভাজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপস্থাপিত খসড়া বিভাজন পরীক্ষা-নিরীক্ষা করে রাজস্ব প্রাপ্তির সম্ভাব্য চূড়ান্ত প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

(ক) রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রাঃ

(অংকসমূহ কোটি টাকায়)

ক্রঃনং	প্রতিষ্ঠানের নাম	বাজেট ২০১৯-২০	প্রস্তাবিত বাজেট ২০২০-২১	প্রক্ষেপণ ২০২১-২২	প্রক্ষেপণ ২০২২-২৩
১	সচিবালয়	১৬.০৬	১৭.৬৬	১৯.৪৩	২১.৩৭
২	স্বাস্থ্য অধিদপ্তর	৩০৮.০০	৩৩৮.৮১	৩৭২.৬৯	৪০৯.৯৬
৩	ঔষধ প্রশাসন অধিদপ্তর	২৭.২৬	২৯.৯৮	৩২.৯৮	৩৬.২৮
৪	নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর	২.৩০	২.৫৩	২.৭৮	৩.০৬
৫	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	১০.৬৮	১১.৭৫	১২.৯২	১৪.২১
মোট		**৩৬৪.৩০**	**৪০০.৭৩**	**৪৪০.৮০**	**৪৮৪.৮৮**

(খ) মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমাঃ (অংকসমূহ কোটি টাকায়)

ক্রমঃ	বাজেট	প্রস্তাবিত বাজেট	প্রক্ষেপণ	
বাজেট	**২০১৯-২০**	**২০২০-২১**	**২০২১-২২**	**২০২২-২৩**
পরিচালন	১০০০৭.৫০	১০৮১২.৪৫	১১৮৯৩.৭০	১৩০৮৩.০৭
উন্নয়ন	৯৯৩৬.৮০	১০৯৩০.৪৮	১২০২৩.৫৩	১৩২২৫.৮৯
মোট	**১৯৯৪৪.৩০**	**২১৭৪২.৯৩**	**২৩৯১৭.২৩**	**২৬৩০৮.৯৬**

৪। **স্বাস্থ্য সেবা বিভাগের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ (২০১৯-২০):**

২০১৯-২০ অর্থ বছরের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের সম্ভাব্য বৈদেশিক সহায়তা নিম্নরূপ।

(অংকসমূহ কোটি টাকায়)

বিভাগ কোড	মন্ত্রণালয়/বিভাগের নাম	প্রকল্প সাহায্য
১২৭	স্বাস্থ্য সেবা বিভাগ	২৫০০.০০

৫। যুগ্মসচিব (বাজেট) সভাকে পরিচালন বাজেটের ব্যয়সীমা প্রতিষ্ঠান ভিত্তিক আলোচনা করেন (পরিশিষ্ট-ক)। তাছাড়াও বাজেটের বর্ণনামূলক অংশ বা এমবিএফ সংশোধন হালনাগাদকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং বিএমসি কর্তৃক অনুমোদন করা হয়।

৬। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদনের বিষয়ে কারও কোন প্রস্তাব আছে কি না জানতে চান। নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের প্রতিনিধি জানান, ২০১৯-২০ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা প্রস্তাবিত লক্ষ্যমাত্রার চেয়ে বেশী হতে পারে। বিস্তারিত আলোচনা শেষে রাজস্ব প্রাপ্তি এবং সম্ভাব্য ব্যয়সীমার বিষয়ে কারো কোন সংশোধন প্রস্তাব না থাকায় বাজেট ওয়ার্কিং গ্রুপের সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৭। সচিব মহোদয় সভাকে জানান যে, জাতীয় স্বাস্থ্য নিরাপত্তা কার্যক্রম মাথায় রেখে দেশের সকল স্বাস্থ্য প্রতিষ্ঠান/হাসপাতালে বাজেট প্রণয়ন করতে হবে। হাসপাতালের পানি, বিদ্যুৎ, স্যানিটেশন মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। ডেংগু রোগের নিয়ন্ত্রনের জন্য নিয়মিত অর্থ বরাদ্দের জন্য অনুরোধ করে।

৮। অতিরিক্ত সচিব (নার্সিং) সভায় অবহিত করেন যে, বর্তমানে প্রত্যেক রোগীর জন্য প্রতিদিন ১২৫ টাকার পুষ্টিকর খাবার দেয়া সম্ভব নয়। এ খাতে ১২৫ টাকা হতে বরাদ্দ বৃদ্ধির জন্য সুপারিশ করে। এ বিষয়ে সচিব মহোদয় পথ্য খাতে বরাদ্দ বৃদ্ধির বিষয়ে সম্মতি প্রকাশ করেন।

৯। অর্থ বিভাগের প্রতিনিধি জানান, ২০২০-২১ অর্থ বছরের সম্ভাব্য ব্যয়সীমার প্রাক্কলন এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের প্রক্ষেপণ পরিপত্র-১ এর নির্দেশনা অনুযায়ী বাজেট প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন।

১০। অতিরিক্ত সচিব (হাসপাতাল) সভাকে জানান যে, সচিবালয়ের কোডে বরাদ্দকৃত এমএসআর, যন্ত্রপাতি মেরামতের টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর বাস্তব চাহিদার ভিত্তিতে বরাদ্দ প্রদান করা যেতে পারে এবং যন্ত্রপাতি ক্রয়ের অর্থ সচিবালয় অংশে রাখা যেতে পারে। বর্ণিত খাতে বরাদ্দ প্রদানের যৌক্তিকতা আছে মর্মে মত প্রকাশ করলে সচিব মহোদয়ও এ বিষয়ে সম্মতি প্রদান করেন।

১১। পরিচালক (অর্থ) স্বাস্থ্য অধিদপ্তর সভাকে জানান যে, স্বাস্থ্য অধিদপ্তরের অধীন ৩৯তম বিসিএস এর মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হয়ে সহকারী সার্জন/ডেন্টাল সার্জনসহ মোট ৪,৬১১ জন কর্মকর্তা ৮/১২/২০১৯ তারিখে যোগদান করেছেন। উক্ত কর্মকর্তাদের বেতন ভাতা বাবদ ৩০৩,৪২,৮৫,০০০/- (তিনশত তিন কোটি বিয়াল্লিশ লক্ষ পচাশি হাজার) টাকা ২০২০-২১ অর্থ বছরে বেতন-ভাতাদি খাতে অতিরিক্ত প্রয়োজন।

১২। সভায় গৃহীত সিদ্ধান্তঃ

(ক) স্বাস্থ্য সেবা বিভাগের ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদন করা হয়;

(খ) স্বাস্থ্য সেবা বিভাগের ২০২০-২১ অর্থ বছরের প্রাক্কলন, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের ব্যয়সীমার প্রক্ষেপণ অনুমোদন করা হয়;

(গ) বাজেটের বর্ণনামূলক অংশ বা এমবিএফ এ হালনাগাদ তথ্য সংযোজন, সম্ভাব্য আউট কাম এবং Impact প্রক্ষেপণপূর্বক যথাযথভাবে সন্নিবেশ করতে হবে।

১৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

নং ৪৫.১৩৯.০২০.০০.০০.০০১.২০১৮-৮৯

তারিখঃ ০৩-০২-২০২০খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ/পরিকল্পনা কমিশন/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/ঔষধ প্রশাসন ও আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৫। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ, মহাখালী, ঢাকা।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯। ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১০। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০৩.০২.২০২০

(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব (বাজেট-১)
ফোনঃ ৯৫৪৫৯২৭

অনুলিপি সদয় অবগতির জন্যঃ
১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (বাজেট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।